

প্রাথমিক শিক্ষক বরখাস্ত

নিজস্ব প্রতিবেদক

৫ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ৫ সেপ্টেম্বর ২০১৯ ০১:৪৪



সত্য বরখাস্ত
আমাদের সময়

প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রীর আকস্মিক পরিদর্শন শেষে রাজধানীর সূত্রাপুরের মহসিন আলী সোনার বাংলা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক অর্পিতা চৌধুরীকে বরখাস্তের নির্দেশ দেওয়া হয়েছে। গত এক বছর থেকে তিনি বিদ্যালয়ে উপস্থিত না থাকায় তার বিরুদ্ধে এমন ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। গতকাল রাজধানীর বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শন করেন তিনি।

প্রতিমন্ত্রী পরিদর্শনে প্রথমে যান গুলিস্তানের সুরিটোলা স্কুলে। সেখানে কোনো অনিয়ম পাওয়া যায়নি। এরপর সূত্রাপুরের রাধাসুন্দরী স্কুলের পরিবেশ কিছুটা অপরিচ্ছন্ন থাকায় শিক্ষকদের সতর্ক করা হয়। আর মহসিন আলী স্কুলে অনুপস্থিত থাকা শিক্ষককে বরখাস্তের নির্দেশ দেন গণশিক্ষা প্রতিমন্ত্রী।

এ সময় প্রতিমন্ত্রী সাংবাদিকদের বলেন, যেসব স্কুলে শিক্ষার্থীর অনুপাতে শিক্ষক কম এবং যেসব স্কুলে শিক্ষার্থীর অনুপাতে শিক্ষক বেশি, তা সমন্বয় করা হবে। প্রাথমিক শিক্ষার মান বাড়াতে এ ধরনের ঝটিকা পরিদর্শন অব্যাহত থাকবে বলেও জানান প্রতিমন্ত্রী।

তিনি বলেন, স্কুলগুলোর অবকাঠামো ও শিক্ষক সংকট নিরসনের চেষ্টা চলছে। দেশের সব বিদ্যালয় সংস্কার কাজের জন্য অর্থ বরাদ্দ দেওয়া হচ্ছে। দ্রুত এসব বিষয়ে পরিবর্তন আনা হবে বলে জানান তিনি। advertisement

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রীর দায়িত্ব পাওয়ার পর থেকে ঢাকাসহ দেশের বিভিন্ন জেলায় আকস্মিক পরিদর্শন শুরু করেন প্রতিমন্ত্রী।